

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বিরামপুর, দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০২২.২৩-১৪১৪

তারিখ: ২২.১১.২০২৩খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন “কিশোর কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় বিরামপুর উপজেলার অধীনে স্থাপিত ক্লাবসমূহের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদসমূহের জন্য যোগ্য প্রার্থী হিসেবে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১.	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিতে = ৫০০/- সপ্তাহে এক দিন	০১ জন	এস.এস.সি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও/টিভির তালিকাভুক্ত শিল্পী/সংগীত শিক্ষক হিসাবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলী:

- প্রার্থীকে ২২.১১.২০২৩খ্রি. হতে ১০.১২.২০২৩খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপজেলা বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে।
- আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে বিরামপুর উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- সরকার নির্ধারিত কোটায় (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ১০.১২.২০২৩খ্রি. তারিখ সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে নির্ধারিত বয়সসীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঞ্জীন ছবি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম উল্লেখ করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন, নাগরিকত্ব সনদপত্র জমা দিতে হবে। সকল সনদপত্রের ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার আবশ্যিকতা নাই।

  
22/11/23

নুজহাত তাসনীম আওন  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি


“কিশোর কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প  
বিরামপুর, দিনাজপুর

তারিখ: ২২.১১.২০২৩খ্রি.

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০২২.২৩-

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- প্রকল্প পরিচালক, “কিশোর কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
- মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
- ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
- উপজেলা..... অফিসার, বিরামপুর, দিনাজপুর।
- চেয়ারম্যান..... ইউপি(সকল), বিরামপুর, দিনাজপুর।
- অধ্যক্ষ/প্রধান শিক্ষক..... বিরামপুর, দিনাজপুর।
- সভাপতি/সম্পাদক, বিরামপুর প্রেসক্লাব/..... (মহিলা সমিতি), বিরামপুর, দিনাজপুর।
- জ্ঞাব..... বিরামপুর, দিনাজপুর।

  
22/11/23

উপজেলা নির্বাহী অফিসার  
বিরামপুর, দিনাজপুর।